যুগান্তর

২৬/১১/২০০৩

তারিখ ...............

পৃষ্ঠা ১০ কলাম ৭

# লক্ষ্মীপুরে ৫০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

আবুল কালাম আজাদ, *লক্ষ্মীপুর থেকে*

জেলার চারটি উপজেলার সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষা কার্যক্রমে অব্যবস্থা বিরাজ করছে। ফলে জেলার প্রায় ৫০ হাজার শিশু প্রয়োজনীয় শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। জেলা প্রাথমিক শিক্ষা ও অফিস সূত্রে জানা যায়, প্রাথমিক শিক্ষার জন্য রায়পুর, লক্ষ্মীপুর সদর, রামগঞ্জ ও রামগতি উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে মোট ৫০২ জন প্রধান শিক্ষক এবং ১ হাজার ৮১৪ জন সহকারী শিক্ষক এবং জেলায় ২৯ জন এটিও কর্মকর্তা রয়েছেন। জেলায় ৫১১টি সরকারি, ১৩৪টি বেসরকারি রেজিস্টার্ড, ৮টি রেজিস্ট্রিবিহীন, ৩৫টি স্যাটেলাইট, ৪৭টি কমিউনিটি, চারটি কিন্ডার গার্টেন বিদ্যালয়, ৪১টি এবতেদায়ী মাদ্রাসাসহ মোট ৭৮০টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এ জেলায় ৬-১০ বছর বয়সী প্রায় ৩ লাখ ছেলেমেয়ে রয়েছে। বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্রসংখ্যা ২ লাখ ৫৪ হাজার ৪৪৬ জন। লক্ষ্মীপুর জেলা সদরে ৯২টি, রায়পুরে ৭টি, রামগঞ্জে ৪টি এবং রামগতি উপজেলার ৫টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে এসব গ্রামের প্রায় অর্ধলাখ শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য ও এলাকার বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে কথা বলে জানা যায়, জেলার অধিকাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনেক শিক্ষক বিলম্বে বিদ্যালয়ে আসেন। আবার বিদ্যালয়ের ছুটির আগেই চলে যান। অধিকাংশ শিক্ষকই বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দায়সারাভাবে পাঠদান করান। শিক্ষাদানে শিক্ষকদের অবহেলা এবং প্রাইভেট পড়ানোর প্রতি শিক্ষকদের আগ্রহ বেশি হওয়ার কারণে বিদ্যালয়গুলোতে লেখাপড়া হচ্ছে না এ অভিযোগ অনেক অভিভাবকের। এ অবস্থায় বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উপস্থিতির হার দ্রুত কমে আসছে।